হরিণাকুণ্ডুতে প্লাষ্টিক মোড়ক ব্যবহারের দায়ে চার ব্যবসায়ীর জরিমানা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পাটজাত মোড়কে বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ এর ১৪ ধারায় চার ব্যবসায়ীকে ১১ হাজার টাকা নগদ জরিমানা আদায় করলেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ইউএনও সৈয়দা নাফিস সুলতানা ।

গত মঙ্গলবার বিকালে ও গতকাল বুধবার সকালে তিনি উপজেলার বেল্টু মোড় ও পার্বতীপূর বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় ধান চাউল ব্যবসায়ী মসলেম উদ্দীনকে ৩ হাজার, ফজলুর রহমানকে ২ হাজার, মুদী দোকানী মঙ্গল সাধুখাকে ৩ হাজার এবং সুকুমার সরকারকে ৩ হাজার সর্বমোট ১১ হাজার টাকা নগদ জরিমানা আদায় করেন ।

এসময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা পাট কর্মকর্তা এ,কে,জেড বারীউল্লাহ, এছাড়াও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা কাজে থানা পুলিশের সদস্যরা সহায়তা করেন।

ঝিনাইদহে ছাত্রলীগের উদ্যোগে আলোক প্রজ্জ্বলন

বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে নোয়াখালী নারী নির্যাতনের ঘটনাসহ সকল ধর্ষণ-নিপীড়নের ঘটনায় সম্পৃক্ত ও পৃষ্টপোষকদের দ্রুত গ্রেফতার, বিচার ও নারীর প্রতি সহিংসতার স্থায়ী অবসানের দাবিতে ঝিনাইদহ জেলা ছাত্রলীগের উদ্যোগে ঝিনাইদহ কেন্দ্রীয় শহীদ মিনার চত্ত্বরে আলোক প্রজ্জ্বলন অনুষ্ঠিত হয়।

গতকাল বুধবার সন্ধ্যা ৭টায় এই কর্মসূচী পালিত হয়েছে। জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদের সভাপতিত্বে প্রধান অতিথির

বক্তব্য রাখেন ঝিনাইদহ পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু। কর্মসূচীতে আওয়ামী লীগ, ছাত্রলীগসহ বিভিন্ন অংগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, কোন ধর্ষণ বা নির্যাতনের সাথে ছাত্রলীগ জড়িত থাকতে পারেনা। দলের নাম ভাঙ্গিয়ে যারা এসব অপকর্ম করছে তাদের কে দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্ত মূলত শাস্তির দাবি জানান।

হরিণাকুণ্ডে জাতীয় জন্ম নিবন্ধন দিবস পালিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে জাতীয় জন্ম নিবন্ধন দিবস- ২০২০ পালিত হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার সকালে উপজেলা প্রশাাসনের আয়োজনে একটি র্যালী বের হয়।

পরে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্যদেন উপজেলা পরিষদ চেয়ারমান মোঃ জাহাঙ্গীর হোসাইন।

এসময় অন্যানের মধ্যে বক্তব্যদেন হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রহিম মোল্লা, কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, যুব উন্নয়ন কর্মকর্তা বেল্লাল হোসেন, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, নির্বাচন কর্মকর্তা নূর-উল্লাহ, সহকারি প্রোগ্রামার ওয়াশিকুর রহমান, প্রেসক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এস এম আব্দুর রহমান, ইউপি চেয়ারমান গোলাম মোস্তফা, ইউপি সচিব আশরাফুল ইসলাম প্রমুখ।

ঝিনাইদহে ধর্ষণের প্রতিবাদে মানববন্ধন ও অবস্থান কর্মসূচী পালন

সিলেট এমসি কলেজে গৃহবধূ ধর্ষণ নোয়াখালীর বেগমগঞ্জে গৃহবধুকে বিবস্ত্র করে ধর্ষণসহ সারাদেশে ধর্ষণের প্রতিবাদে ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ঝিনাইদহে মানববন্ধন ও অবস্থান কর্মসূচী পালন করা হয়েছে।

মঙ্গলবার সকাল ১১ টায় ঝিনাইদহ কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গনে ঝিনেদা থিয়েটার ও ভোর হলো সাংস্কৃতিক সংগঠনের ব্যানারে এ প্রতিবাদী অবস্থান কর্মসূচি পালন করা হয়। সেসময় ঝিনাইদহের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক সংগঠন, ও সাংবাদিকরা কর্মসূচির সাথে একাত্মতা প্রকাশ করে প্রতিবাদ জানাই।

বক্তারা সিলেট এমসি কলেজে গৃহবধূ ধর্ষণ নোয়াখালীর বেগমগঞ্জে গৃহবধুকে বিবস্ত্র করে ধর্ষণসহ সহ সারাদেশে যে ধরণের ধর্ষণের ঘটনা বেড়ে গেছে তার প্রতিবাদে ধর্ষণকারীদের আইনের আওতায় এনে দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি জানান। তারা বলেন, শাস্তি নিশ্চিত না হওয়ায় সমাজে ধর্ষণের ঘটনা বৃদ্ধি পাচ্ছে। এছাড়া বিচার কাজ বিলম্বিত হওয়ার কারণে ছাড় পাচ্ছে অনেক অপরাধীই।

অসহায় বৃদ্ধার ঘর তৈরি করে দিলেন কালীগঞ্জ পৌর মেয়র

তানজির রহমান, কালীগঞ্জঃ কালীগঞ্জ পৌরসভা ৮ নং ওয়ার্ডের ঈশ্বরবা গ্রামের বাসিন্দা রাবেয়া খাতুন, স্বামী মারা গেছেন অনেক আগে। নিজের বসবাসের জন্য তেমন কোনো ঘর ছিলো না, যা ছিলো তার চাল দিয়ে বৃষ্টি হলেই টপ টপ করে পানি পড়ত ঘরের বিভিন্ন জায়গায়।

জীবনের এই শেষ সময়ে এসে অনেকটা আত্মবিশ্বাস নিয়েই অতি কষ্টে পায়ে হেঁটে এসেছিলেন কালীগঞ্জ পৌরসভা অফিসে মেয়র কে খুঁজতে, অতঃপর মেয়র আশরাফুল আলম আশরাফের সাথে তিনি তার কষ্টের কথা বলেন এবং মেয়র তার কথাগুলো শুনে কষ্ট পান এবং দরিদ্র মহিলার জন্য একটি ঘর বানিয়ে দেওয়ার আশ্বাস দেন, মেয়র আশরাফ নিজের টাকা ব্যায় করে সাধ ও সাধ্যের মধ্য একটি ঘর করে দেন বৃদ্ধাকে। ঘর পেয়ে বৃদ্ধা বলেন, অত্যন্ত খুশি হয়েছেন মাথা গোঁজার ঠাঁই পেয়ে, তিনি মেয়র আশরাফের মঙ্গল ও দীর্ঘায়ু কামনা করেন।

এছাড়াও বিভিন্ন সময় কালীগঞ্জ পৌরসভার মেয়র মোঃ আশরাফুল আলম (আশরাফ) দরিদ্র ও অসহায় মানুষের খাদ্য, নগদ অর্থ ও কর্মসংস্থান এর ব্যাবস্থা করে পৌর এলাকায় সমাদৃত হয়েছেন।

কোটচাঁদপুরে মোটরসাইকেলের ধাক্কায় ইজিবাইক চালক নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে মোটরসাইকেলের ধাক্কায় জহিরুল ইসলাম (৬২) নামে এক ইজিবাইক চালক নিহত হয়েছে। শুক্রবার সকালে শহরের ব্রীজঘাট এলাকার বাইতুল মামুর মসজিদের কাছে এদূর্ঘটনা ঘটে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার সকাল ৯ টার দিকে ইজিবাইক চালক জহিরুল হাসপাতালে রোগী নামিয়ে বাড়ি ফিরছিলেন। পথিমধ্যে ব্রীজ ঘাট এলাকায় বাইতুল মামুর মসজিদের পাশে গাড়ী রেখে রাস্থা পার হচ্ছিলেন।

এ সময় দ্রতগামী একটি ডায়াং ৫০ সিসির মোটরসাইকেল (ঝিনাইদহ এ-১১-০৬৭৮) জহিরুল কে সজোরে ধাক্কা দেয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডাঃ কৃষ্ণ কমল পাল তাকে মৃত ঘোষণা করেন।

নিহত জহিরুল চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার আন্দুলবাড়ীয়া গ্রামের স্টেশন পাড়ার মৃত নূরুল হুদা সরকারের পুত্র।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, দূর্ঘটনার পর মটর সাইকেল ফেলে চালক পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে পুলিশ মোটরসাইকেলটি জব্দ করে থানা হেফাজতে নিয়েছে।

কোটচাঁদপুরে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ছেলেসহ বাবা-মাকে পিটিয়ে জখম

ঝিনাইদহের কোটচাঁদপুরে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ছেলেসহ বাবা- মাকে পিটিয়ে জখম করেছে পরিবারের সদস্যরা। সোমবার বেলা ১২ টার দিকে উপজেলার কুশনা ইউনিয়নের তালশার গ্রামের উত্তর পাড়ায় এ ঘটনা ঘটে। হামলার স্বীকার হলেন, ওই এলাকার মৃত আব্দুল কারীর ছেলে রবিউল ইসলাম (৫০) ও তার স্ত্রী শেফালী খাতুন (৪৫), বড় ছেলে রুবেল হোসেন (২৩), ছোট ছেলে সোহেল (১৬), রুবেলের স্ত্রী রানী খাতুন
(১৮) এবং জামাই শোয়েব আলম রনি (৩০)।

আহতদের পরিবার সূত্রে জানা যায়, রবিউল ইসলামের জামাই শোয়েব আলম রনি শ্বশুরের কাছ থেকে জমি লিজ নিয়ে চাষাবাদ করেন। ঘটনার দিন (সোমবার) সকালে ওই জমিতে আগাছা পরিস্কার করতে গেলে চাচা শ্বশুর আবুল হোসেন এবং তার দুই ছেলে আনিস ও শাহিনুর জমিতে কাজ করতে বাঁধা দেন। রনি বিষয়টি শ্বশুর রবিউল ইসলামকে জানান। পরে ঘটনার বিষয় নিয়ে রবিউল তার ভাই আবুল হোসেনের নিকট জানতে চান।

এ সময় উভয়ের মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে অভিযুক্ত আবুল ও তার দুই ছেলে আনিস ও শাহিনুর তাদের উপর চড়াও হয়। পরে তাদের সাথে ওই এলাকার খাঁ জামানের ছেলে খলিল মিয়া, জুলু ইসলামের ছেলে তরিকুল ইসলাম, রুহুল আমিনের ছেলে রিপন হোসেন দেশীয় কুড়াল, বাঁশ ও ক্রিকেট খেলার ব্যাট নিয়ে রবিউল ও তার স্ত্রী এবং দুই ছেলে, ছেলের বৌ ও জামাইয়ের উপর হামলা চালায়। সেই সাথে বাড়ির আসবাব পত্র ভাংচুর করে। হামলায় একই পরিবারের ৬ জন আহত হন।

এঘটনায় গুরতর আহত রুবেল হোসেন কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে

চিকিৎসাধীন রয়েছেন। এঘটনায় রবিউল ইসলাম বাদী হয়ে কোটচাঁদপুর থানায় অভিযুক্তদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, মারামারির ঘটনায় লিখিত অভিযোগ পেয়েছি। ঠিক তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আইন শৃংখলা অবনতির আশংকায় মেলেনি পুলিশি অনুমতি

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা বিএনপি’র অভ্যন্তরীণ কোন্দল থাকায় বিবাদমান দুটি গ্রুপের একই দিনে পাল্টপাল্টি কর্মসূচিতে আইন শৃংখলা অবনতির আশংকায় মেলেনি পুলিশি অনুমতি।

রবিবার বিকালে দুটি গ্রুপের পাল্টপাল্টি কর্মসূচির ঘোষণা দেয়ায় উভয় পক্ষের মধ্যে দেখা দেয় উত্তেজনা। এ দিকে আইন শৃংখলা বিঘ্ন ঘটার আশংকায় রবিবার শহরে পুলিশি নজর দারী জোরদার করেছে স্থানীয় থানা পুলিশ। সেই সাথে থানা পুলিশ উভয় পক্ষকে একই দিনে অনুষ্ঠান করা থেকে বিরত থাকার পরামর্শ দিলে পরবর্তীতে দুটি গ্রুপই স্ব-স্ব প্রেস বিজ্ঞপ্তির মাধ্যেমে তাদের কর্মসূচি স্থগিত করেছেন।

জানা যায়, সম্প্রতি কোটচাঁদপুর উপজেলা বিএনপি’র কমিটি ভেঙ্গে দেয় জেলা বিএনপি। পরবর্তীতে সাবেক উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাককে আহ্বায়ক করে ৪১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে ফেসবুকে স্ট্যাটাস দিলে কোটচাঁদপুর উপজেলা বিএনপি’র মধ্যে দু’টি গ্রুপে বিভক্ত হয়ে পড়ে। এক গ্রুপের নের্তৃত্বে আসেন উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি সিরাজুল ইসলাম অপর গ্রুপের সদ্য আহ্বায়ক আব্দুর রাজ্জাক।

আহ্বায়ক কমিটি ফেসবুকে প্রচার হওয়ার পর গত ১১ মার্চ আহ্বায়ক কমিটি’র ৪জন যুগ্ন-সম্পাদকসহ ১৫জন পক্ষ পাতিত্বের অভিযোগ এনে পদত্যাগ করেন। বিষয়টি নিয়ে পদত্যাগীরা আহ্বায়ক কমিটি ভেঙ্গে পুনঃরায় কমিটি করার দাবীতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক

রহমান, মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম মঞ্জুসহ কেন্দ্রীয় বিভিন্ন নেতাদের নিকট আবেদন করেন। অথচ এখনো এর কোন প্রতিকার পাননি বলে জানান।

এদিকে রবিবার বিকালে আহ্বয়াক কমিটি পূর্বের উপজেলা অফিস বর্জন করে স্থানীয় মেইন বাসস্ট্যাণ্ডে নতুন অফিস উদ্বোধন ও আলোচনা সভার জন্য জেলা নের্তৃবৃন্দের আমন্ত্রণ জানান। বিষয়টি জানতে পেরে অপর গ্রুপ রবিবার বিকাল ৩টায় জেলা নের্তৃবৃন্দের উপস্থিতিতে নতুন অফিস উদ্বোধনের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ, কালো পতাকা প্রদর্শন ও বিক্ষোভ মিছিলের ডাক দেয়। উভয় পক্ষই জেলা পুলিশের বিশেষ শাখায় অনুষ্ঠান কর্মসূচি করার জন্য আবেদন করেন।

আইন শৃংখলা অবনতির আশংকায় প্রশাসনের পক্ষ থেকে অনুমতি না পাওয়ায় দুগ্রুপের অনুষ্ঠান বাতিল করেন। বিষয়টি নিশ্চিত করেছেন দুগ্রুপের নের্তৃত্বদান কারীরা। উভয় পক্ষের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে প্রশাসনের অনুমতি না পাওয়ায় রবিবারের সকল কর্মসূচি বাতিল করা হয়েছে। পরবর্তীতে সুবিধামত সময়ে পরবর্তী কর্মসূচির তারিখ ঘোষণা করা হবে।
এ ঘটনায় উভয় পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুল আলম জানান- আমি উভয় পক্ষের সাথে কথা বলেছি, তারা এখন অনুষ্ঠান করবেন না বলে জানিয়েছেন। এছাড়াও আইন শৃংখলা বজায় রাখতে শহরে পুলিশ তৎপরতা জোরদার করা হয়েছে।

কোটচাঁদপুরে হাত ধোয়া কর্মসূচি পালন

ঝিনাইদহের কোটচাঁদপুরে ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির সহযোগিতায় ইউ,সি,এফ-এর আলোচনা সভা ও হাত ধোয়া ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১০টায় উপজেলার বলুহর ইউনিয়নের শেখ পাড়ায় পল্লী

সমাজের সদস্য হালিমার বাড়িতে ইউ,সি,এফ-এর আলোচনা সভা অনুষ্টিত হয়।

আলোচনা সভা শেষে হাত ধোয়া কর্মসূচি পালন করা হয়েছে। কর্মসূচিতে পল্লী সমাজের সদস্য ছাড়াও ওই এলাকার মহিলারা অংশ নেন।

সমগ্র অনুষ্ঠানের সার্বিক সহযোগীতা করেন ব্র্যাকের এফ,ও (সি,ই,পি) রোমানা ইয়াছমীন।

ঝিনাইদহের পুলিশ সুপারকে বিদায়ী সংবর্ধনা দিলেন পৌরসভা

ঝিনাইদহে বিদায়ী পুলিশ সুপার মো: হাসানুজ্জামানকে বিদায়ী সংবর্ধনা প্রদাণ করা হয়েছে।

রোববার দুপুরে ঝিনাইদহ পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলহাজ সাইদুল করিম মিন্টু’র পক্ষ থেকে পৌরসভা মিলনায়তনে এ সংবর্ধনা প্রদাণ করা হয়।

এসময় বিদায়ী অতিথি পুলিশ সুপার হাসানুজ্জামান ছাড়াও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, প্যানেল মেয়র আব্দুল মতলেব মিয়া, শৈলকুপা উপজেলা চেয়ারম্যান শিকদার মোশাররফ হোসেন সোনা, ঝিনাইদহ আইনজীবি সমিতির সভাপতি এ্যাড. আক্তারুজ্জামান, বাংলাদেশ পৌরসভা কাউন্সিল এসোসিয়েশনের সভাপতি সাইফুল ইসলাম মধু, পরিবেশবিদ মাসুদ আহম্মেদ সঞ্জু, পৌরসভার সকল কাউন্সলারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, সৎ, কর্মঠ ও নিষ্ঠাবান পুলিশ সুপার মো: হাসানুজ্জামানের ঝিনাইদহের কর্মজীবনের নানা দিক নিয়ে আলোচনা করেন। পরে তাকে ফুল ও ক্রেস্ট দিয়ে সম্মাননা প্রদাণ করা হয়।